

# প্রয়াত মেয়র আনিসুল হকের স্বপ্ন ছিল স্মার্ট ঢাকা : আতিক

✍ নিজস্ব প্রতিবেদক



অ +

অ -



ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম বলেছেন, প্রয়াত মেয়র আনিসুল হক পরিচ্ছন্ন, নিরাপদ ও স্মার্ট ঢাকার স্বপ্ন দেখতেন। গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর বনানী কবরস্থানে আনিসুল হকের চতুর্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর কবরে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাতের পর তিনি এ কথা বলেন।

ডিএনসিসি মেয়র বলেন, ‘আনিসুল হক শুধু নগরপিতা হিসেবেই নয়, মিডিয়া ব্যক্তিত্বের পাশাপাশি একজন সফল ব্যবসায়ীও ছিলেন। আমি দায়িত্ব গ্রহণের পর থেকেই প্রয়াত মেয়রের স্বপ্ন ও অসমাপ্ত কাজ বাস্তবায়ন করে যাচ্ছি।

অপরিকল্পিত ঢাকাকে সকলের সম্মিলিত প্রচেষ্টায় একটি সুস্থ, সচল ও আধুনিক ঢাকায় রূপান্তরিত করতে হবে।’

এ সময় ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সেলিম রেজাসহ অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।